

## REGIONAL NEWS

### UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date:31-10-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

---

#### Diwali-Matabari :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ সন্ধ্যা ৬টায় উদয়পুরে মাতাবাড়ির ত্রিপুরা সুন্দরী মন্দির প্রাঙ্গণে তিনদিনব্যাপী দীপাবলী উৎসব ও মেলার উদ্বোধন করবেন। একইসঙ্গে তিনি প্রদর্শনী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের সূচনা করবেন। গতকাল ত্রিপুরা সুন্দরী মন্দির প্রাঙ্গণে আয়োজিত সাংবাদিক সম্মেলনে দীপাবলী মেলা কমিটির চেয়ারম্যান তথা বিধায়ক অভিষেক দেবরায় জানান, ইতিমধ্যে মন্দির প্রাঙ্গণ আলোক মালায় সাজিয়ে তোলা হয়েছে। ৬৩৯ জনেরও বেশি ব্যবসায়ী এই মেলায় তাদের পসরা নিয়ে বসার প্রস্তুতি নিচ্ছেন। মেলায় ধন্য মানিক্য মুক্ত মঞ্চও একটানা ৪৭ ঘন্টা ধরে সাংস্কৃতিক অনুষ্ঠান চলবে। এবছর মাতাবাড়িতে দীপাবলী উৎসবে প্রায় ৯ লক্ষ পুন্যার্থীর সমাগম হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

সাংবাদিক সম্মেলনে জেলা পুলিশ সুপার নামিত পাঠক জানিয়েছেন, এই মেলাকে কেন্দ্র করে পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা করা হয়েছে। ১৭টি সি সি টি ভি ক্যামেরা লাগানো হয়েছে।

\*\*\*\*\*

#### Greetings, Deepavali :

রাষ্ট্রপতি দ্রৌপদী মূৰ্মু দীপাবলি উপলক্ষে দেশের নাগরিকদের শুভেচ্ছা জানিয়েছেন। রাষ্ট্রপতি তাঁর বার্তায় বলেছেন যে দীপাবলি আনন্দ এবং উৎসাহের উৎসব এবং এটি অজ্ঞতার উপর জ্ঞানের বিজয় এবং মন্দের উপর ভালোর প্রতীক। তিনি বলেন যে এই

উৎসবটি বঞ্চিত ও দরিদ্রদের সাহায্য করার এবং তাদের সঙ্গে আনন্দ ভাগ করে নেওয়ারও একটি সুযোগ। রাষ্ট্রপতি জনগণকে দূষণমুক্ত দীপাবলি উদযাপন করার এবং একটি সুস্থ, সমৃদ্ধ ও দায়িত্বশীল সমাজ গঠনের অঙ্গীকার করার আহ্বান জানিয়েছেন।

উপরাষ্ট্রপতি জগদীপ ধনখর দীপাবলি উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক বার্তায়, উপরাষ্ট্রপতি বলেন যে দীপাবলি কেবল ভারতেই নয়, সারা বিশ্বে ভারতীয় প্রবাসীরা শ্রদ্ধা ও আনন্দের সঙ্গে উদযাপন করেন। শ্রী ধনখর বলেন যে এই উৎসব অন্ধকারের উপর আলোর কালজয়ী বিজয়, হতাশার উপর আশা এবং অজ্ঞতার উপর জ্ঞানের প্রতীক। দীপাবলির দীপ্তি ভারতের পথকে আলোকিত করে, দেশকে ঐক্য, সমৃদ্ধি এবং সীমাহীন অগ্রগতির দিকে পরিচালিত করবে বলে তিনি আশা প্রকাশ করেন।

\*\*\*\*\*

#### **Cabinet. D.A :**

রাজ্য সরকার কর্মচারীদের জন্য ৫ শতাংশ ডিএ মঞ্জুর করেছে। গতকাল রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। মন্ত্রিসভার বৈঠকের পর গতকাল সন্ধ্যায় মহাকরনে সাংবাদিক সম্মেলনে পর্যটন, পরিবহন ও খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী জানান, আগামী পয়লা নভেম্বর থেকে এই ডি এ কার্যকর করা হবে। এরজন্য রাজ্য সরকারের বছরে অতিরিক্ত ৫০০ কোটি টাকা খরচ হবে। তিনি জানান, রাজ্য সরকারী কর্মচারী ছাড়াও পেনশনার, ফিক্সড পে কর্মচারী, ডিআর ডব্লু কর্মীরাও এতে উপকৃত হবেন। শ্রী চৌধুরী জানান, রাজ্য সরকারী কর্মচারীরা পাবেন ৩০ শতাংশ হারে ডিএ।

\*\*\*\*\*

#### **Ekta Diwas :**

সর্দার বল্লভ ভাই প্যাটেলের জন্মদিনটি আজ রাষ্ট্রীয় একতা দিবস হিসেবে পালিত হচ্ছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গুজরাটের একতা নগরে এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে যোগ দেবেন। সর্দার বল্লভ ভাই প্যাটেলের মূর্তি, স্ট্যাচু অফ ইউনিটিতে পুষ্পার্ঘ্য অর্পণ করবেন তিনি। সেখানে আয়োজিত অনুষ্ঠানে তিনি কুচকাওয়াজে অভিষেক গ্রহণ করবেন। উল্লেখ্য প্রধানমন্ত্রী গতকাল একতা নগরে এক অনুষ্ঠানে বিভিন্ন পরিকাঠামোগত ও উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

\*\*\*\*\*

#### **NF Railway :**

যাত্রীদের জন্য সর্বোচ্চ স্তরের সুরক্ষা ও স্বাচ্ছন্দ্য নিশ্চিত করতে এই উৎসবের মরসুমে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে একাধিক পদক্ষেপ গ্রহণ করেছে। এন এফ রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক কপিঞ্জল কিশোর শর্মা জানিয়েছেন, যাত্রীদের ভিড় সামলাতে ৫০০টিরও বেশি ট্রিপের সঙ্গে প্রায় ৪৪ জোড়া স্পেশাল ট্রেন চলাচল করেছে। দীপাবলি ও ছুট পূজা উপলক্ষে এই স্পেশাল ট্রেনগুলি, নির্ধারিত যাত্রীবাহী ট্রেনগুলির অতিরিক্ত হিসেবে চালানো হচ্ছে। গুরুত্বপূর্ণ স্টেশন ও ট্রেনে পরিকল্পিত পদ্ধতিতে নিরাপত্তা ব্যবস্থা বৃদ্ধি করা হয়েছে। ভিড় নিয়ন্ত্রণ করতে সমস্ত কার্যকলাপ নিরীক্ষণ করার জন্য এই সমস্ত স্টেশনে কমার্শিয়াল বিভাগের বরিষ্ঠ আধিকারিকদের নিযুক্ত করা হয়েছে। পদদলিত হওয়ার মতো পরিস্থিতি এড়াতে আরপিএফ এবং জিআরপি কর্মীদের প্ল্যাটফর্ম, ফুট ওভার ব্রিজ ও গুরুত্বপূর্ণ স্থানে নিয়োজিত করা হয়েছে। অতিরিক্তভাবে সিসিটিভি কন্ট্রোল রুম স্থাপন করা হয়েছে। যাত্রা শুরু স্টেশনে জেনারেল কোচগুলিতে সারিবদ্ধভাবে প্রবেশের ব্যবস্থা করা হয়েছে।

দীপাবলী উপলক্ষে এন এফ রেলওয়ের তরফে আজ আগরতলা ধর্মনগর ও আগরতলা সাব্রুমের মধ্যে বিশেষ ট্রেনের বন্দোবস্ত করা হয়েছে।

\*\*\*\*\*

#### **Youth Festival :**

পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক যুব উৎসব আগামী ৯ ও ১০ নভেম্বর বামুটিয়া ব্লকের বৈদ্যনাথ স্মৃতি কমিউনিটি হলে অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে গতকাল পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের কনফারেন্স হলে জিলা সভাপতি বলাই গোস্বামীর সভাপতিত্বে এক বৈঠক হয়। বৈঠকে জানানো হয়, জেলাভিত্তিক যুব উৎসবে বিজ্ঞান মডেল প্রদর্শনী, দলগত লোকনৃত্য, একক লোকনৃত্য, দলগত লোকগান, একক লোকগান, কবিতা লিখন, গল্প লিখন, চিত্রাঙ্কন, আকস্মিক বক্তৃতা বিষয়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। সভায় উপস্থিত ছিলেন জিলা পরিষদের সহকারি সভাপতি বিশ্বজিৎ শীল, জেলার বিভিন্ন ব্লকের চেয়ারম্যান, পশ্চিম ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক মেঘা জৈন, বিভিন্ন ব্লকের বিডিও এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

\*\*\*\*\*

#### **Utkarsha Abhiyan :**

সিপাহীজলা জেলায় ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযান কর্মসূচি রূপায়ণে গতকাল জেলাভিত্তিক এক সভা অনুষ্ঠিত হয়। জেলাশাসকের দপ্তরে অনুষ্ঠিত এই সভায় সভাপতিত্ব করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাপতি সুপ্রিয়া দাস দত্ত। সভায় জানানো হয়, এই অভিযানে জেলার জনজাতি অধ্যুষিত এলাকার পরিকাঠামো উন্নয়ন ও জীবনযাত্রার মান উন্নয়নে চলতি অর্থবছর থেকে আগামী ৫ বছরে বিভিন্ন কর্মসূচি রূপায়ণ করা হবে। জেলার বিশালগড়, চড়িলাম, জম্পুইজলা, কাঁঠালিয়া, মোহনভোগ ও বক্সনগর ব্লকের ৬৩টি এলাকায় এই অভিযানে বিভিন্ন কর্মসূচি রূপায়ণ করা হবে। সভায় জানানো হয়, আগামী ১৫ নভেম্বর জেলাভিত্তিক ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযান কর্মসূচির সূচনা হবে।

\*\*\*\*\*

#### **Drama Festival :**

মুহুরী নাট্য সংস্থার উদ্যোগে দক্ষিণ জেলার বাইখোড়া কমিউনিটি হলে ৩ দিনের দ্বিতীয় মুহুরী নাট্যোৎসব গতকাল রাতে শেষ হয়েছে। সোমবার নাট্যোৎসবের সূচনা করেন ন্যাশানাল স্কুল অফ ড্রামার আগরতলা কেন্দ্রের অধিকর্তা বিপ্লব বরকাকতি। নাট্যোৎসবে এবার গতবারের তুলনায় অনেক বেশি দর্শক সমাগম হয় বলে জানান আয়োজকরা।

\*\*\*\*\*

#### **Weather :**

আজ আকাশ সাধারণত মেঘলা থাকবে। রাজ্যের বিভিন্ন স্থানে দু' এক পশলা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে।

\*\*\*\*\*